গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

বিষয়: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ইনোভেশন শোকেসিং বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | এ কে মহিউদ্দিন আহমদ<br>মহাপরিচালক। |
| সভার তারিখ | ১১/০৫/২০২১। |
| সভার সময় | দুপুর ১১.৩০ ঘটিকা। |
| স্থান | অনলাইন সিষ্টেম (জুম) |
| উপস্থিতি | রেকর্ডেড। |

সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি বিপিআই এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে বিপিআই এর ইনোভেশন শোকেসিং সম্পর্কে উপস্থাপনা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিপিআই "কোভিড -১৯ মহামারিকালিন ডাইনিং রুমে খাবার পরিবেশন" শিরোনামে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

৩। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), প্রশিক্ষণ ও ইনোভেশন শোকেসিং সংক্রান্ত উন্মুক্ত আলোচনার জন্য সবাইকে অনুরোধ করেন।

৪। আলোচনায় অংশ নিয়ে জনাব পি কে সাহা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট প্রশিক্ষণের জন্য একটি চমৎকার ও আদর্শ প্রতিষ্ঠান বলে মন্তব্য করেন। সেবা সহজীকরণ ও সক্ষমতা বৃদ্ধি বিষয়ে কোন কোর্স জুনের মধ্যে শুরুর বিষয়ে মতামত ব্যক্ত করেন।

৫। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিপিআই বলেন যে, সেবাগ্রহণকারী প্রতিষ্ঠানের প্রশিক্ষণ শাখা থেকে প্রাতিষ্ঠানিক প্রস্তাব পেলে বিপিআই বিশেষ প্রশিক্ষণ হিসেবে জুন মাসে সেবা সহজীকরণ ও সক্ষমতা বৃদ্ধি বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে ।

৬। জনাব শফিকুল ইসলাম, ডিজিএম, আরপিজিসিএল করোনা সংক্রমন রোধে বিপিআই এর ডাইনিং টেবিলের মাঝে একটি স্বচ্ছ গ্লাসের সীমানা দেয়ার জন্য অনুরোধ জানান।

৭। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিপিআই বলেন, খাওয়া একটি ইবাদাত। খাবার সময়ে কম কথা

বলাটাকে উৎসাহ দেয়ার জন্য একটি প্রতীকী কাগজ (অনুসরণিকা) ব্যবহার করা হয়েছে। চেয়ার গুলোর উভয় পাশে ৩.৫ ফিট দূরত্ব বজায় রাখা হয়েছে। জনাব শফিকুল ইসলাম, ডিজিএম, আরপিজিসিএল এর প্রস্তাবটি পরবর্তীতে বিবেচনা করা যেতে পারে বলে তিনি মতামত ব্যাক্ত করেন।

৮। জনাব মো: আকতার হোসেন, মহাব্যবস্থাপক, মেঘনা পেট্রোলিয়াম, করোনার প্রথম ঢেউ চলাকালীন সংক্রমণ রোধের জন্য ৬ জনের টেবিলকে ৪ জনে করা হলেও মেঘনা পেট্রোলিয়ামের অনেক কর্মকর্তা-কর্মচারী করোনায় আক্রান্ত হন এবং পরবর্তীতে ক্যান্টিন বন্ধ করার ফলে সংক্রমণ কমেছে মর্মে মন্তব্য করেন। তিনি বিপিআই এ বেসিন সংখ্যা বাড়ানোর বিষয়ে অনুরোধ জানান।


৯। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) বলেন, বিপিআই এর ডাইনিং এ কমপক্ষে ৮-১০ টি বেসিন রয়েছে যা পর্যাপ্ত। করোনাকালীন বিপিআইএর ক্যান্টিন চালু ছিল এবং কোন কর্মকর্তা- কর্মচারী করোনায় আক্রান্ত হননি। ভবিষ্যতে ক্যান্টিনের সুযোগ-সুবিধা আরো বাড়িয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে মর্মে তিনি জনান।

১০। জনাব মহসিন, পিজিসিএল প্রশিক্ষণের শুরুতে প্রশিক্ষণার্থীগণ করোনা আক্রান্ত কিনা তা নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন, করোনার মধ্যে শারীরিকভাবে প্রশিক্ষণ আয়োজন করলে এন ৯৫ মাস্ক সরবরাহ করা এবং খাবারের পূর্বে ২০ সেকেন্ড সময় ধরে হাত ধোয়া নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন।

১১। জনাব হাসিনুর রহমান, ব্যবস্থাপক, বড় পুকুরিয়া কোল মাইনিং কো: লি: স্বল্প পরিসরে সরাসরি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার অনুরোধ জানান।

১২। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) বলেন করোনা পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হলে স্বল্প পরিসরে সরাসরি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। বিপিআই-এ কাজের মান যাতে উত্তরোত্তর উন্নতি হয় সেক্ষেত্রে সকলকে পরামর্শ প্রদানের জন্য তিনি অনুরোধ জানান।

১৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ কে মহিউদ্দিন আহমদ
মহাপরিচালক।

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৪.৩৩.০০৪.১৭.৭৯

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৮
২৫ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [দৃ: আ: উপসচিব, প্রশাসন-২ অধিশাখা]

২) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (সদয় অবগতির জন্য)

৩) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) (সদয় অবগতির জন্য)

৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৫) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট

৬) মহাপরিচালক , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৭) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

৮) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

৯) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

১০) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

১১) ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

১২) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

১৩) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৪) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৫) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

১৬) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

১৭) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৮) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

১৯) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

২০) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড

২১) ম্যানেজিং ডাইরেক্টর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

২২) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

২৩) ম্যানেজিং ডাইরেক্টর , ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

২৪) ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড

২৫) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

২৬) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড

এ কে মহিউদ্দিন আহমদ
মহাপরিচালক